

Switchover Help Scheme: Bengali



সুইচওভার হেল্প স্কিম (ডিজিটাল টিভি-তে রূপান্তরিত সাহায্য কর্মসূচী)

আপনার টিভি ডিজিটালে রূপান্তরিত করতে আমরা আপনাকে সাহায্য করতে পারব যদি:

- আপনার বয়স ৭৫ বছর বা তার বেশি হয়, অথবা
- কোনো একটি কেয়ার হোমে ছয় মাস বা বেশি দিন থেকে থাকেন, অথবা
- আপনি নির্দিষ্ট কিছু ডিজেবিলিটি বেনিফিট পান (বা পাওয়ার যোগ্য হন), অথবা
- আপনি একজন রেজিস্টার্ড অন্ধ বা আংশিক অন্ধ হন

সাধারণ টিভিকে ডিজিটাল টিভিতে রূপান্তরিত করার সাহায্য ব্যবস্থা হাতের কাছেই রয়েছে ইউ.কে.-র প্রতিটি স্থানে টেলিভিশন ডিজিটালে রূপান্তরিত হচ্ছে। আপনার এলাকায় পুরাতন টিভি সিগন্যাল অচিরেই বন্ধ করে দেওয়া হবে। আপনার ডিজিটাল টিভি না থাকলে আপনি আর টেলিভিশন দেখতে পারবেন না। তবে চিন্তার কারণ নেই। 'সুইচওভার হেল্প স্কিম' আপনাকে সাহায্য করবে।

সুইচওভার হেল্প স্কিম কি কি করে?

আমরা যোগ্যতা অর্জনকারী লোকদের ঘরের যে কোনো একটি টেলিভিশনে প্রয়োজনীয় রদ-বদল এনে সেটিকে ডিজিটাল টেলিভিশনে রূপান্তরিত করি। আপনি যদি আমাদের সেবা পাওয়ার যোগ্য হন, তবে ডিজিটাল টিভি সঙ্কল্পকে আমরা আপনাকে স্পষ্ট ও সহজ ভাষায় বুঝিয়ে দেব। আপনার সামনে খোলা পথগুলো সঙ্কল্পকেও আমরা আপনাকে বুঝিয়ে বলব। আপনার ঘরে যেসব যন্ত্রসামগ্রী লাগানো বা বসানোর প্রয়োজন হবে সেগুলো আমরা লাগিয়ে দেব। যন্ত্রসামগ্রী চালানোর বা ব্যবহারের পদ্ধতিও আমরা আপনাকে ভাল ভাবে দেখিয়ে দেব।

আমার একটি ডিজিটাল টিভি আছে কি না তা আমি কি ভাবে বুঝব?

আপনার ঘরের যে কোনো একটি টেলিভিশনে যদি পাঁচটির বেশি চ্যানেল আসে, তবে সঙ্কল্পকর্তৃক আপনার ঘরে ডিজিটাল টিভি রয়েছে। পাঁচের বেশি চ্যানেল না আসলে সঙ্কল্পকর্তৃক আমাদের সাহায্য আপনার দরকার হবে। ডিজিটাল টিভিতে রূপান্তরিত করার কাজটি আমরা আপনার জন্য সহজ করে নেব। আপনার বর্তমান টেলিভিশনের পরিবর্তে নতুন টেলিভিশন কিনতে হবে না।

আমি কি আপনাদের সেবা পাওয়ার যোগ্য?

আমরা আপনাকে সাহায্য করতে পারব যদি:

- আপনার বয়স 75 বছর বা তার বেশি হয়, অথবা
- কোনো একটি কেয়ার হোমে ছয় মাস বা বেশি দিন থেকে থাকেন, অথবা
- আপনি নিচের কোনো একটি বেনিফিট পান (বা পাওয়ার যোগ্য হন):
 - ডিজেবিলিটি লিভিং এলাওয়ার, বা
 - এটেট্রোপিক বা কনস্ট্যান্ট এটেট্রোপিক এলাওয়ার, বা

Switchover Help Scheme: Bengali



- মোবিলিটি সাপ্লিমেন্ট, বা
- আপনি একজন রেজিস্টার্ড অফ বা আংশিক অফ হন।

আমাকে কি খরচ দিতে হবে?

আপনাকে নিচের খরচগুলো বাবদ **£40** দিতে হবে:

- আপনার প্রয়োজনের উপযোগী ও ব্যবহার-সহজ যন্ত্রপাতির খরচ
- যন্ত্রপাতি লাগানো বা স্থাপনের খরচ
- নতুন ডিশ বা এরিয়েল লাগানোর খরচ, যদি তা লাগানোর প্রয়োজন দেখা দেয় (কোনো কোনো ক্ষেত্রে এর জন্য বাড়তি পয়সা পরিশোধ করতে হতে পারে)
- প্রদর্শনী এবং ডিজিটাল টিভি ব্যবহারের ক্ষেত্রে পুরোপুরি ভাবে দক্ষ হয়ে উঠার আগে সাহায্য সহায়তার জন্য কাউকে ডাকলে তার খরচ।

আমাদের সেবা আপনি বিনামূল্যে পাবেন যদি:

- আপনি পেনশন ক্রেডিট, ইনকাম সাপোর্ট বা ইনকাম বেইজড জবসিকার্স এলাওয়ার্স পান

বাড়তি খরচ পরিশোধ সাপেক্ষে আরো কিছু বিকল্প ব্যবস্থা রয়েছে এবং আমরা আপনাকে সেগুলো সঙ্কল্পকে বুঝিয়ে বলব।

আমি এখন কি করব?

যদি আপনি 'সুইচওভার হেল্প স্কিমের' সাহায্য পাওয়ার যোগ্য হন, তবে অনেক আগেই আমরা আপনার কাছে চিঠি লিখে জানতে চাইব আপনি এ সাহায্য চান কি না।

অনুগ্রহ করে জেনে রাখুন যে এই সাহায্যটুকু পেতে হলে আপনার অবশ্যই একটি বৈধ টিভি লাইসেন্স থাকতে হবে (75 বছরের বেশি লোকদেরকে টিভি লাইসেন্স বিনামূল্যে পেয়ে থাকেন)।

আর কারোর কি আমাদের সাহায্যের দরকার?

আপনার পরিবার পরিজনের, বন্ধু বান্ধবদের বা স্থানীয় কমিউনিটির কারোর ডিজিটাল টেলিভিশন রূপান্তর-প্রক্রিয়ায় সাহায্যের দরকার হতে পারে। যদি তাই হয়, তবে অনুগ্রহ করে তাদের কাছে এই কাগজের তথ্যটুকু পৌঁছে দেবেন।

বিস্তারিত জানতে এই নাক্কভারে বিনামূল্যে ফোন করুন: **0800 40 85 900**

অথবা এই ওয়েবসাইটে যান: **helpscheme.co.uk**.

সপ্তাহের 7 দিনই সকাল 8টা থেকে রাত 9টা পর্যন্ত টেলিফোন লাইন খোলা থাকে।

Switchover Help Scheme: Bengali



সরকারের সাথে একটি চুক্তির আওতায় বিবিসি সুইচওভার হেল্প স্কিমটি পরিচালনা করছে। আমরা বয়োজ্যেষ্ঠ্য এবং ডিজেবোল্ড লোকদেরকে সাহায্য করি যারা ডিজিটাল টিভিতে রূপান্তরিত করার ক্ষেত্রে অন্যদের থেকে বেশি বাধা বিপত্তির সঙ্কল্পস্থান হন।

‘সুইচওভার হেল্প স্কিমের’ ব্যবস্থাপনায় রয়েছে ইয়েগা পি.এল.সি (eaga plc)। এর ঠিকানা হল:
eaga House, Archbold Terrace, Newcastle upon Tyne, NE2 1DB। কো
কম্পানী রেজিস্ট্রেশন নাক্তার 3858865।